গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

**সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

সভাপতি: শারমীন এস মুরশিদ
মাননীয় উপদেষ্টা, সমাজকল্যাণ মন্ত্রণালয়
স্থান: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখ ও সময়: ০৮ সেপ্টেম্বর ২০২৫, বিকাল ০৪:০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা: পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিবসহ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অন্তর্গত মাইক্রোফাইনান্স (ক্ষুদ্রঋণ)-এর তথ্য সংগ্রহ করে প্রতিবেদন আগামী ০৩ কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সমাজসেবা অধিদপ্তর |
| ০২ | ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্পর্কে উপযুক্ত ফার্ম/সংস্থা কর্তৃক অডিট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সমাজসেবা অধিদপ্তর |
| ০৩ | কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র (ERCPH) টঙ্গী, গাজীপুর-এর কার্যক্রম অডিটকরণের লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | সমাজসেবা অধিদপ্তর |
| ০৪ | ব্রেইল বুক তৈরিসহ সকল উৎপাদনমুখী কর্মকান্ডের আয়-ব্যয়ের অডিট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সমাজসেবা অধিদপ্তর |
| ০৫ | ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে থেরাপি সেবা প্রদানের বিষয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে গাইডলাইন প্রস্তুত করতে হবে। | প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |
| ০৬ | বিভিন্ন পণ্য ক্রয়ের ক্ষেত্রে সঠিক পদ্ধতিতে Specification করতে হবে এবং Specification অনুযায়ী মালামাল সরবরাহ করছে কি-না তা সঠিকভাবে রিসিভিং কমিটি যাচাই করবে। মূল্যায়ন ও গ্রহণ কমিটিতে সংশ্লিষ্ট বিষয়/কাজে দক্ষ কর্মকর্তা অন্তর্ভুক্ত করতে হবে। | প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |
| ০৭ | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) ২০২৪-এ গণ-অভ্যুত্থানের পূর্বে কীভাবে কাজ করেছে এবং ২০২৪-এ গণ-অভ্যুত্থানের পরে কীভাবে কাজ করছে তার তুলনামূলক চিত্র সম্বলিত প্রতিবেদন দাখিল করতে হবে। | নিবাহী পরিচালক<br>মৈত্রী শিল্প |
| ০৮ | মৈত্রী প্লাস্টিক পণ্যসহ মুক্তা পানির বিষয়ে একটি উপানুষ্ঠানিক পত্র সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রণালয়/মৈত্রী শিল্প |
| ০৯ | মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার আর্থিক কার্যক্রম, প্রশাসনিক কার্যক্রম, আয়-ব্যয়, সম্পদ ও দায় নির্ধারিত নীতি, আইন ও বিধি অনুসারে হচ্ছে কি-না তা নিশ্চিত করতে হবে। কোন অপচয়, অনিয়ম বা ভুলত্রুটি আছে কিনা তা নিরুপণ করে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | মন্ত্রণালয়/দপ্তর-সংস্থাসমূহ |

০২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
শারমীন এস মুরশিদ
উপদেষ্টা
সমাজকল্যাণ মন্ত্রণালয়

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০০০.০১৬.২৯.০০০২.২৫.৮০৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২
১৫ সেপ্টেম্বর ২০২৫

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
০৪. যুগ্মসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. রেজিস্ট্রার, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন, কাউন্সিল, ঢাকা।
০৬. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।
০৭. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সুবর্ণ ভবন, মিরপুর-১৪, ঢাকা।
০৮. উপসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প, স্টেশন রোড, টংগী , গাজীপুর।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৬. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. অফিস কপি।

Rahman
১৫/০৯/2025

এ, বি, এম, সাদিকুর রহমান
উপসচিব
ফোন: ৫৫১০০৪৫৬
ই-মেইল: sasadmin1@msw.gov.bd